

যুগান্তর

রাতে জেএসসি পরীক্ষা দিল দুই শিক্ষার্থী

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 কুষ্টিয়া প্রতিনিধি

এবার জেএসসি'র প্রথম পরীক্ষায় রাতে অংশ নিয়েছে কুষ্টিয়ার দুই শিক্ষার্থী। শনিবার সকাল ১০টায় জেএসসির বাংলা পরীক্ষা শুরু হলেও ব্যতিক্রম ছিল শুধু খ্রিস্টধর্মাবলম্বী দুই শিক্ষার্থী আলবার্ট স্মথ বালা ও এ্যাডেনিস রাতুন বাইন। ধর্মীয় রীতিমতে খ্রিস্টধর্মাবলম্বীদের শনিবার দিনের বেলায় লেখা নিষেধ থাকায় তাদের পরীক্ষা শুরু হয় সন্ধ্যা ৬টায়। শেষ হয় রাত ৯টায়। কুষ্টিয়া হাই স্কুলের নতুন ভবনের একটি কক্ষে এই দুই শিক্ষার্থীর পরীক্ষা নেয়া হয়। আলবার্ট স্মথ বালা কুষ্টিয়ার সেভেন ডে অ্যাডভান্টেড চার্চের শিক্ষার্থী ও এ্যাডেনিস রাতুন বাইন কুষ্টিয়া সান আপ ইন্টারন্যাশনাল স্কুলের শিক্ষার্থী।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।